

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২১৬

كاب النكاح) الكام) كاب النكاح)

পরিচ্ছেদঃ ৭. এক (মুসলিম) ভাইয়ের বিয়ের প্রস্তাবের উপর অপর জনের প্রস্তাব দেয়া নিষেধ

بَابِ النَّهْيِ عَنْ خِطْبَةِ الرَّجُلِ عَلَى خِطْبَةِ أُخِيهِ

আরবী

أَخْبَرنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ فَاطِمَةَ بِنْت قَيْسٍ أَنَّهَا حَدَّتَتْهُ وَكَتَبَهُ مِنْهَا كِتَابًا أَنَّهَا كَانَتْ تَحْتَ رَجُل مِنْ قُرَيْشٍ مِنْ بَنِي مَخْزُومٍ فَطَلَّقَهَا الْبَتَّةَ فَأَرْسَلَتْ إِلَى أَهْلِهِ تَبْتَغِي مِنْهُمْ النَّفَقَةَ فَقَالُوا لَيْسَ لَكِ نَفَقَةٌ فَبَلَغَ ذَلِكَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ لَيْسَ لَكِ نَفَقَةٌ وَعَلَيْكِ الْعِدَّةُ وَانْتَقِلِي إِلَى بَيْتِ أُمِّ شَرِيكِ وَلَا تُفُوتِينَا بِنَفْسِكِ ثُمَّ قَالَ إِنَّ أُمَّ شَرِيكِ امْرَأَةٌ يَدْخُلُ عَلَيْهَا إِخْوانُهَا مِنْ الْمُهَاجِرِينَ وَلَكِنُ انْتَقِلِي إِلَى بَيْتِ أُمِّ شَرِيكِ وَلَا تُفُوتِينَا بِنَفْسِكِ ثُمَّ قَالَ إِنَّ أُمَّ شَرِيكِ الْمُرَأَةٌ يَدْخُلُ عَلَيْهَا إِخْوانُهَا مِنْ الْمُهَاجِرِينَ وَلَكِنُ انْتَقِلِي إِلَى بَيْتِ ابْنِ أُمِّ مَكْتُومٍ فَإِنَّهُ رَجُلٌ أَعْمَى إِنْ وَضَعَنْت ثِيَابِكَ لَمْ يَرَ شَيْئًا وَلَا تُفَوتِينَا بِنَفْسِكِ عَلْ الْمَهَا عَرْينَ وَلَكِنُ الْتَقِلِي إِلَى بَيْتِ ابْنَوْ أُمْ مَكْتُومٍ فَإِنَّهُ مَكْتُومٍ فَلَا يَصَى إِنْ وَضَعَنْت ثِيَابِكَ لَمْ يَرَ شَيْئًا وَلَا تَفُوتِينَا بِنَفْسِكِ مَكْتُومٍ فَإِنَّهُ مَكْتُومٍ فَلَا يَعْمَى إِنْ وَضَعَنْت ثِيَابِكَ لَمْ يَرَ شَيْنًا وَلَا بَنْ فَاللَا مَلَلَ لَهُ وَلَا لَكُ وَلَيْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَلَالًا لَكُ وَقُالَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَلَالًا عَمْمَ فَلَا يَضَعُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مُ الْلَكُ فَقَالَتْ وَاللَّهُ لَا يَعْمَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَلَا مَلِكَ فَقَالَتْ وَاللَّه لَوْلَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ بُيُوتِهِنَّ وَلَا يَوْ يَلُو لَوْ وَلَكَ مَنْ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَيْهِ وَلَيْ اللَّهُ فَقَدْ حَلَّ لَهُ أَنْ يُخْرِجُوهَا وَلَكَ مَنَ عَلَى اللَّهُ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ ع

বাংলা

২২১৬. ফাতিমা বিনত কায়স রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, তিনি কুরাইশ গোত্রের বনী মাখযুম উপগোত্রের এক ব্যক্তির (আবূ আমর ইবন হাফসের) সাথে বিবাহাধীন ছিলেন। আর তিনি তাকে তিন তালাক বায়েন প্রদান করেন। এরপর তিনি তার উকিল মারফত তার নিকট খোরপোশ দাবী করেন। তখন তিনি বলেন, আল্লার শপথ! তোমার জন্য কোনো খোরপোশ প্রাপ্য নেই। এ খবরটি রাস্লুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম



এর কে অবহিত করা হলে তিনি বলেন, "তার নিকট তোমার কিছুই পাওনা নেই। আর তোমার উপর ইদ্দত পালন ওয়াজিব। আর তুমি উম্মু শারীকের ঘরে চলে যাও (অবস্থান করো) এবং তোমার নিজের (নফসের) দ্বারা আমাদেরকে ফিতনায় ফেলো না।"

এরপর তিনি বলেন, "উম্মু শারীক এমন এক মহিলা, যার ঘরে তার মুহাজির ভাইয়েরা যাতায়াত করে। তুমি বরং উম্মে মাখতুমের ঘরে যাও (অবস্থান কর)। কেননা, সে হল একজন অন্ধ লোক, কাজেই তুমি তোমার কাপড় খুলে রাখলে সে কিছুই দেখতে পাবে না। আর তোমার নিজের (নফসের) দ্বারা আমাদেরকে ফিতনায় ফেলো না।" এরপর তিনি উম্মু মাকতুমের বাড়িতে গিয়ে অবস্থান নিলেন। এবং যখন তিনি হালাল হলেন (ইদ্দত পূর্ণ করলেন), তখন তিনি উল্লেখ করলেন যে, মু'আবিয়া ও আবূ জাহাম উভয়ে তার নিকট বিবাহের উদ্দেশ্যে পয়গাম পাঠান। তখন রাস্ল্লাহ্ (সাঃ) বলেন, "মু'আবিয়া - সে তো ফকীর। আর আবূ জাহাম তো তার কাঁধ হতে লাঠিই সরায় না (অর্থাৎ অধিক মারধরকারী)। এবং তার কোন মাল নেই। উসামার ব্যাপারে তোমার মত কি?" তার পরিবারের লোকদের নিকট তা অপছন্দনীয় মনে হলো। অত:পর সে বললো, আল্লাহর কসম! রাস্ল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমারকে যার সাথে বিয়ে দিবেন, তাকে ছাড়া আমি বিয়েই করব না। এরপর তিনি উসামাকে বিবাহ করেন।

বর্ণনাকারী মুহাম্মদ ইবনু আমির (রহঃ) বলে, মুহাম্মদ ইবনু ইবরাহীম বলেন, হে ফাতিমাহ! আল্লাহকে ভয় করো। তুমি জানো তো যে এটি কোন্ বিষয়ে ছিল।

তিনি বলেন, আর ইবনু আব্বাস বলেছেন: আল্লাহ তা'আলা বলেন, "হে নবী! তোমরা যখন তোমাদের স্ত্রীদেরকে তালাক দিতে ইচ্ছা কর তবে তাদেরকে তালাক দিয়ো ইদ্দতের প্রতি লক্ষ্ম রেকে, ইদ্দতের হিসাব রেখো এবং তোমাদের প্রতিপালক আল্লাহকে ভয় করো; তোমরা তাদেরকে তাদের বাসগৃহ হতে বের করে দিও না এবং তারাও যেন বের না হয়, যদি না তারা স্পষ্ট অশ্লীলতায় লিপ্ত হয়।" (সুরা তালাক: ১) আর ফাহিশাহ (অশ্লীল কাজ)এর মধ্যে এও শামিল রয়েছে যে, সে তার পরিবারকে কষ্ট দেবে; সে একাজ করলে তাদের জন্য তাকে বের করে দেওয়া হালাল হয়ে যাবে।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, তালাক ১৪৮০;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪০৪৯ ও মুসনাদুল হুমাইদী নং ৩৬৭ তে।

এর শাহিদ হাদীস রয়েছে আবী হুরাইরাহ হতে, আমরা যার তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫৯২৮ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ফাতিমা বিনত কায়স (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন